OFFICE OF
THE SUB-DIVISIONAL OFFICER
KANDI, MURSHIDABAD

পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসক এর করণ, কান্দী
কান্দী, মুর্শিদাবাদ

বিজ্ঞপ্তি

নং: ৪০৫/স্বাস্থ্য

তারিখ : ০৬/০৩/২০১৮

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীন স্বাস্থ্য মিশন-এর ২৭/০৬/২০১২ তারিখের, পত্র নম্বর : এ FW/NRHM-২০/২০০৬/ PART-II /১৬৩১ এর আদেশনামা অনুয়ায়ী মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার অন্তর্গত গ্রাম ভিত্তিক ASHA পদে নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অন্তর্গত গ্রামগুলিতে বসবাসকারী যোগ্য মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দ্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী : -

১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / বিবাহবিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের / স্থানের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণস্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার ভোটার কার্ড ও রেশনকার্ড - এর স্বপ্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।

৩) সাধারণ প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে (০৬/০৩/২০১৮) ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে (০৬/০৩/১৯৭৮ থেকে ০৬/০৩/১৯৮৮) তপশিলী জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে, (০৬/০৩/১৯৭৮ থেকে ০৬/০৩/১৯৯৬) ।

৪) প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অকৃতকার্য্য প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার জন্য কোন মূল্যায়ন বা বিবেচনার সুবিধা থাকবে না।

৫) তপশিলী জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে HFW/NRHM/৬০/২০১২/৩৪১৫ তাং ০১/১২/২০১৩ পত্রের ব্যাখ্যানুয়ায়ী বিবেচনা করা হবে।

৬) আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রমাণপত্রের প্রত্যায়িত প্রতিলিপি জমা করতে হবে তা হল :-
   ক) জন্মতারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড।
   খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার কার্ড /রেশন কার্ড ।
   গ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, উপজাতি)।
   ঘ) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট।
   ঙ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো।
   চ) বিবাহিতা / বিধবা / বিবাহবিচ্ছিন্না প্রমাণপত্র।

   প্রমানপত্রগুলির মধ্যে যে কোনও একটি আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। ইন্টারভিউ এর সময়, জমা দেওয়া নথিপত্রের আসল সঙ্গে আনতে হবে।

৭) উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের, ইন্টারভিউ এর তারিখ, সময়, স্থান উল্লেখিত পত্র যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরন করা হবে। ইন্টারভিউ এ উল্লেখিত তারিখ, সময়, স্থান এ অনুপস্থিত থাকলে প্রার্থীপদ খারিজ করা হবে।

৮) অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ- উপরোধ বাঞ্ছনীয় নয়।

৯) সংযোজনী -১ অনুযায়ী আবেদনপত্র জমা দেওয়ার স্থান : - সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে (বি.ডি.ও অফিস) মুখবন্ধ খামে জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার তারিখ :- ০৭/০৩/২০১৮ থেকে ২১/০৩/২০১৮ [সরকারী ছুটির দিন বাদে] বিকাল ৫.০০ টা অবধি। খসড়া আবেদনপত্রটি সংযোজনী -১ এবং ব্লকভিত্তিক ASHAকর্মীদের শূন্যপদের তালিকা সংযোজনী -২ তে উল্লিখিত হল।

১০) বিস্তারিত বিবরণের জন্য সংশ্লিষ্ট বি.ডি.ও / বি.এম.ও.এইচ অফিস ও http://www.murshidabad.nic.in দেখতে অনুরোধ করা হচ্ছে।

১১) আবেদনপত্র পাওয়া যাবে, সংশ্লিষ্ট বি.ডি.ও অফিস এবং বি.এম.ও.এইচ অফিস ও সরকারি ওয়েবসাইটে (http://www.murshidabad.nic.in)।

মেম্বার সেক্রেটারি, সিলেকস্‌ন কমিটি
এবং
মহকুমা শাসক, কান্দী, মুর্শিদাবাদ

পত্রাঙ্ক নং: ৪০৫/১/(৭২)/স্বাস্থ্য

তারিখ: ০৬/০৩/২০১৮

প্রতিলিপিটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :

১) চেয়ার পার্সন অফ সিলেকস্‌ন কমিটি
২) মাননীয় সভাধিপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ, মুর্শিদাবাদ ।
৩) মাননীয় জেলা শাসক, মুর্শিদাবাদ ।
৪-৮) মাননীয় অতিরিক্ত জেলা শাসক (সাধারণ/ স্বাস্থ্য /জেলা পরিষদ/এল. আর) মুর্শিদাবাদ ।
৯) মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মুর্শিদাবাদ ।
১০) মাননীয়া ডি.পি.এইচ.এন.ও , মুর্শিদাবাদ ।
১১-১৫) মাননীয় সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিক (. . . . .) , মুর্শিদাবাদ ।
১৬) মাননীয় ডি.পি.ও (আই.সি.ডি.এস) , মুর্শিদাবাদ ।
১৭) মাননীয়া জেলা ASHA ফেসিলিটেটর মুর্শিদাবাদ ।
১৮-৪৩) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক,.. মুর্শিদাবাদ, সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৪৪-৬৯) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক,.. মুর্শিদাবাদ, সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৭০) মাননীয় ডি.আই.ও (এন.আই.সি), মুর্শিদাবাদ - বিজ্ঞপ্তিটি http://www.murshidabad.nic.in ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হল।
৭১) মাননীয় ডি.আই.সি.ও, মুর্শিদাবাদ - বিজ্ঞপ্তিটি সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
৭২) মাননীয় ডি.আই.এ মুর্শিদাবাদ জেলা পরিষদ- বিজ্ঞপ্তিটি সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।

গুরুত্বপূর্ণ তথ্যাদি

১) আবেদন পত্র কোথায় পাওয়া যাবে : বি.ডি.ও অফিস এবং বি.এম.ও.এইচ অফিস ও সরকারি ওয়েবসাইটে (**http://www.murshidabad.nic.in**)
২) আবেদন পত্র জমা দেওয়ার স্থান : সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে (বি.ডি.ও অফিস)
৩) আবেদন পত্র জমা দেওয়ার সময়সীমা : ০৭/০৩/২০১৮ থেকে ২১/০৩/২০১৮ [সরকারী ছুটির দিন বাদে] বিকাল ৫.০০ টা অবধি।
৪) শূন্যপদের বিবরন কোথায় পাওয়া যাবে : বি.ডি.ও অফিস এবং বি.এম.ও.এইচ অফিস ও সরকারি ওয়েবসাইটে (**http://www.murshidabad.nic.in**)

মেম্বার সেক্রেটারি, সিলেকস্‌ন কমিটি
এবং
মহকুমা শাসক, কান্দী, মুর্শিদাবাদ

সংযোজনী -১

আবেদনপত্র

For Office use only Received on ………………./.03/2018 Index No ………………… Roll No ……………………	………………………… সাবসেন্টার এর অর্ন্তগত……………………… গ্রাম (সংযোজনী -২ অনুযায়ী) এ ASHA পদে আবেদনপত্র । প্রতি : মহকুমা শাসক, ... এতদ্বারা নিম্নবিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথি সহ আমার আবেদনপত্র দাখিল করছি	পাসপোর্ট মাপের সাম্প্রতিক ছবি আঠা দিয়ে লাগান। পিন / স্ট্যাপল/ সেলাই করবেন না।

আবেদনকারিনীর নাম	
স্বামী :-	পিতা :-

স্থায়ী বসবাসের ঠিকানা	গ্রাম :-		পো:-
	থানা :-	জেলা:-	পিন:-

জন্ম তারিখ:	দিন	মাস	বছর	শিক্ষাগত যোগ্যতা:	১) মাধ্যমিক/সমতুল্য ☐ ২) উচ্চ মাধ্যমিক ☐ ৩) স্নাতক ☐ ৪) অন্যান্য ☐
বয়স (০৬.০৩.১৮ তারিখে):					

মোবাইল নাম্বার:	

বৈবাহিক স্থিতি	বিবাহিতা:	☐	বিবাহ বিচ্ছিন্না	☐	বিধবা	☐

সাবসেন্টার হতে বসবাসের ঠিকানা হাঁটাপথে দূরত্ব		কি.মি.
নির্বাচক সচিত্র পরিচয়পত্র নং :-	জাতিগত শংসাপত্র (প্রযোজ্য হলে) : -	রেশন কার্ড নং :-

০১/০১/২০১৮ তারিখে ভোটার লিষ্ট অনুসারে	অংশ নং	ক্রমিক নং
আবেদনকারিনীর		
স্বামীর		
পিতার (বিধবার/বিবাহবিচ্ছিন্নার ক্ষেত্রে)		

……………… তারিখে গৃহীত মাধ্যমিক / তৎসমতুল পরীক্ষার প্রাপ্ত মোট নম্বর ……………… শতকরা (%) ………………

স্বপ্রত্যয়িত নকল গ্রথিত (✓দিন)

আবশ্যিক তথ্যাদি:

১) পাসপোর্ট ছবি (আবেদন পত্রে একটি ও অতিরিক্ত একটি অ্যাডমিট কার্ডের জন্য)
২) ৫ টাকার ডাকটিকিটসহ নিজ ঠিকানা লেখা খাম
৩) বয়সের প্রমাণ / মাধ্যমিক অ্যাডমিট কার্ড/ অন্যান্য সরকারি প্রামাণ্য নথী :
৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট
৫) ভোটার কার্ড / রেশনকার্ড
৬) জাতিগত শংসাপত্র (প্রযোজ্য হলে)
৭) অতিরিক্ত তথ্যাদি:
উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া স্বনির্ভরগোষ্ঠী/ প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার এর শংসাপত্র (যদি থাকে)

ঘোষণা

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরিবর্ণিত তথ্যাদির প্রামাণ্য নথি মূলে সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমানিত হলে আমি দন্ডনীয় থাকবো। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন।

____

আবেদনকারিনীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ